



বিরোধীদলীয় নেতার সঙ্গে চীনা রাষ্ট্রদূতের বিদায়ী বৈঠক



ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। দুই দেশের সম্পর্ক ও পারস্পরিক সহযোগিতা নিয়ে এ সময় আলোচনা হয়।

মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে রাজধানীর মিস্টো রোডে শফিকুর রহমানের সরকারি বাসভবনে বৈঠকটি অনুষ্ঠিত হয়।

আলোচনায় বাংলাদেশ ও চীনের রাজনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক ও কূটনৈতিক সম্পর্কের বিভিন্ন দিক উঠে আসে। পাশাপাশি দ্বিপাক্ষীয় সহযোগিতা বাড়ানো এবং উন্নয়ন ও অগ্রগতির চলমান ধারাকে আরও এগিয়ে নেওয়ার বিষয়ে উভয় পক্ষ আশাবাদ ব্যক্ত করে।

জামায়াতে ইসলামীর পক্ষ থেকে বলা হয়েছে, জুলাই আন্দোলনের পর দেশের রাজনৈতিক পরিস্থিতিতে বিভিন্ন দলের মধ্যে যোগাযোগ ও সংলাপের পরিবেশ তৈরিতে ইয়াও ওয়েনের ভূমিকার প্রশংসা করেছেন দলের নেতারা। এ সময় তার প্রতি কৃতজ্ঞতাও জানানো হয়।

বৈঠকে চীনা দূতাবাসের ডেপুটি চিফ অব মিশন ড. লিউ ইউয়িন, কালচারাল কাউন্সেলর লি শাওপেং, অ্যাটাচে লিয়াং গুয়িং এবং পলিটিক্যাল অ্যাফেয়ার্স অ্যাটাচে ওয়াং ডাউয়েই উপস্থিত ছিলেন।

অন্যদিকে জামায়াতে ইসলামীর নায়েবে আমির এটিএম আজহারুল ইসলাম, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান, সহকারী সেক্রেটারি জেনারেল ও কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের সেক্রেটারি অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরসহ কেন্দ্রীয় ও মহানগরীর কয়েকজন নেতা বৈঠকে ছিলেন।